



সুখে দুঃখে আপনজন,  
জীবন বীমা কর্পোরেশন।

## কর্পোরেশনের আকর্ষণীয় বীমা স্কিমসমূহ

- ❖ বঙ্গবন্ধু সার্বজনীন পেনশন বীমা (লাভসহ)
- ❖ সার্বজনীন শিক্ষা বীমা (লাভসহ)
- ❖ দেনমোহর বীমা
- ❖ প্রত্যাশিত মেয়াদী বীমা (লাভসহ)
- ❖ মেয়াদী বীমা (লাভসহ)
- ❖ প্রগতিশীল মেয়াদী বীমা
- ❖ ম্যারেজ এন্ডাওমেন্ট বীমা (লাভসহ)
- ❖ বহু কিস্তি বীমা (লাভসহ)
- ❖ মানি ব্যাক টার্ম বীমা (লাভবিহীন)
- ❖ দ্বৈত-নিরাপত্তা মেয়াদী বীমা
- ❖ ট্রিপল প্রটেকশন বীমা (লাভসহ)
- ❖ হজ্জ বীমা
- ❖ প্রমিলা ডিপিএস বীমা (লাভসহ)
- ❖ যুগ্ম মেয়াদী বীমা (লাভসহ)
- ❖ শিশু নিরাপত্তা বীমা।
- ❖ জেবিসি মাসিক সঞ্চয়ী স্কিম
- ❖ জেবিসি প্রত্যাশিত মাসিক সঞ্চয়ী স্কিম

“সকল শ্রেণি-পেশার মানুষের জীবনের ঝুঁকি গ্রহণের মাধ্যমে তাদের আর্থিক নিরাপত্তা নিশ্চিত করা এবং জনগণকে সঞ্চয়মুখী করে তাদের জীবন-যাত্রার মান উন্নয়ন করাই জীবন বীমা কর্পোরেশনের মূল উদ্দেশ্য।”

একক প্রিমিয়াম বীমা (লাভসহ) (টেবিল নং-১৭)  
Single Premium Endowment Assurance (With Profit)

একক প্রিমিয়াম বীমা (লাভসহ) (টেবিল-১৭)  
Single Premium Endowment Assurance (With Profit)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



**জীবন বীমা কর্পোরেশন**

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

প্রধান কার্যালয়: ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।

ফোন: ০২২২৩৩৮৫৭২০

ই-মেইল: tad@jbc.gov.bd

Web: jbc.gov.bd



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



**জীবন বীমা কর্পোরেশন**

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়



**জীবন বীমা কর্পোরেশন**

(একমাত্র রাষ্ট্রীয় জীবন বীমা প্রতিষ্ঠান)

তালিকা নং-১৭  
একক প্রিমিয়াম বীমা (লাভসহ)

ভূমিকা:

জীবন বীমা কর্পোরেশনে বিভিন্ন ধরনের বীমা রয়েছে। এ বীমাগুলোতে মাসিক, ত্রৈমাসিক, ষান্মাসিক ও বার্ষিক ভিত্তিতে প্রিমিয়াম প্রদান করা হয়। সম্মানিত বীমাগ্রহীতাদের প্রতি বছর প্রিমিয়াম জমা দেয়ার বিড়ম্বনা এড়ানোর লক্ষ্যে কর্পোরেশন শুধুমাত্র একটি প্রিমিয়াম প্রদানে এ বীমাটি চালু করেছে।

যাদের জন্য উপযোগী:

বিভিন্ন গুরুত্বপূর্ণ পদে কর্মরত ব্যক্তিবর্গ, প্রবাসীগণ, ব্যবসায়ীগণ অথবা অন্যান্য পেশাজীবী, যারা স্ব-স্ব পেশা হতে এককালীন অর্থ উপার্জন করেন তাদের জন্য এ বীমা স্কিমটি বিশেষভাবে উপযোগী। বিনিয়োগের উপযুক্ত ক্ষেত্র নির্ধারণ করতে না পারায় ভবিষ্যত আর্থিক নিরাপত্তার বিষয়ে উপযোগী এ বীমা। এককালীন অর্থের প্রবাহ, ভবিষ্যত, নিজ ও পারিবারিক নিরাপত্তার জন্য একটি আকর্ষণীয় ব্যবস্থা। বীমাগ্রাহকের বিনিয়োগ সুবিধার জন্য শুধুমাত্র প্রস্তাবপত্র ও অবলিখকের চাহিদা অনুযায়ী কাগজপত্র দাখিল সাপেক্ষে অত্যন্ত স্বল্প সময়ে এ বীমাটি গ্রহণ করতে পারবেন।

বৈশিষ্ট্যাবলী/সুবিধাবলী:

- ❖ প্রবেশকালীন বয়স: সর্বনিম্ন ২০ বছর ও সর্বোচ্চ ৬২ বছর।
- ❖ বীমার মেয়াদ: ০৫ বছর ও ১০ বছর।
- ❖ সর্বোচ্চ বীমা অংক বীমাগ্রাহকের সামর্থ্য অনুযায়ী।
- ❖ একটি মাত্র প্রিমিয়াম প্রদান করতে হয়। ইহা Fixed Deposit Scheme এর অনুরূপ।
- ❖ মেয়াদ পূর্তির পূর্বে বীমাগ্রাহকের মৃত্যু হলে বীমাকৃত টাকা বোনাসসহ প্রদান।
- ❖ এ বীমার জন্য দেয় প্রিমিয়ামের উপরে আয়কর রেয়াত পাওয়া যায়।
- ❖ এ পরিকল্পনায় ঋণ গ্রহণ প্রযোজ্য নয়, তবে পলিসি সমর্পণযোগ্য।
- ❖ বীমা অংক ও প্রিমিয়াম প্রদান পদ্ধতির জন্য রিবেট প্রযোজ্য নয়।
- ❖ এ বীমায় প্রয়োজনীয় ডাক্তারী পরীক্ষার রিপোর্ট প্রদান করতে হবে।
- ❖ মরণোত্তর দাবীর টাকা আয়করমুক্ত।

তালিকা নং-১৭  
একক প্রিমিয়াম বীমা (লাভসহ)

(প্রতি হাজার বীমা অংকের জন্য প্রদেয় বার্ষিক প্রিমিয়ামের হার)

নিকটতম জন্মদিনে বয়স	প্রিমিয়াম	
	৫ বছর মেয়াদ	১০ বছর মেয়াদ
২০-৪৭	৮৫০	৬৮৭
৪৮-৫২	৮৫০	৬৮৯
৫৩-৫৭	৮৫২	৬৯২
৫৮-৬২	৮৫৫	৭০০

উদাহরণ-১

৩৫ বছর বয়সের একজন ব্যক্তি ৫০,০০,০০০/- টাকার ১টি একক প্রিমিয়াম বীমা জেবিসি হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও মেয়াদোত্তর দাবী নিম্নরূপ:

(ক) ৫ বছর মেয়াদের ক্ষেত্রে

এককালীন প্রিমিয়াম=৪২,৫০,০০০/- মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) ৫৫,০০,০০০/- টাকা প্রাপ্য হবেন।

(খ) ১০ বছর মেয়াদের ক্ষেত্রে

এককালীন প্রিমিয়াম=৩৪,৩৫,০০০/- মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) ৬০,০০,০০০/- টাকা প্রাপ্য হবেন।

উদাহরণ-২

৫৭ বছর বয়সের একজন ব্যক্তি ৫০,০০,০০০/- টাকার ১টি একক প্রিমিয়াম বীমা জেবিসি হতে গ্রহণ করলে তার প্রিমিয়াম ও মেয়াদোত্তর দাবী নিম্নরূপ:

(ক) ৫ বছর মেয়াদের ক্ষেত্রে

এককালীন প্রিমিয়াম=৪২,৬০,০০০/- মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) ৫৫,০০,০০০/- টাকা প্রাপ্য হবেন।

(খ) ১০ বছর মেয়াদের ক্ষেত্রে

এককালীন প্রিমিয়াম=৩৪,৬০,০০০/- মেয়াদ শেষে বোনাসসহ (বর্তমান বোনাস রেট অনুযায়ী) ৬০,০০,০০০/- টাকা প্রাপ্য হবেন।

দাবী নিষ্পত্তির জন্য প্রয়োজনীয় কাগজ-পত্রাদি

মেয়াদোত্তর দাবীর ক্ষেত্রে:

১। বীমা দলিল, ২। বীমাগ্রাহকের ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি, ৩। জাতীয় পরিচয়পত্রের ফটোকপি ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।

মরণোত্তর দাবী ক্ষেত্রে:

দাবীর স্বপক্ষে প্রয়োজনীয় কাগজপত্রাদি-১। বীমা দলিল, ২। দাবী ফরম, ৩। নমিনীর ব্যাংক একাউন্টের চেক বইয়ের ফটোকপি ও জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, ৫। মৃত্যুসনদপত্র, ৬। কবরস্থান সনদপত্র, ৭। চেয়ারম্যান/কাউন্সিলরের প্রত্যয়ন পত্র ও প্রযোজ্য ক্ষেত্রে অন্যান্য কাগজপত্রাদি।